

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ  
(২০২১ইং সনের ১৩৭নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, দেশব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ রোধকল্পে শারীরিক উপস্থিতি ব্যতিরেকে আগামী ২৫শে জুলাই ২০২১খ্রীঃ তারিখ রোজ রবিবার হইতে ৩১শে জুলাই ২০২১খ্রীঃ তারিখ রোজ শনিবার অবকাশকালীন সময়ে এবং ১লা আগস্ট, ২০২১খ্রীঃ তারিখ রোজ রবিবার হইতে ৫ই আগস্ট, ২০২১খ্রীঃ তারিখ রোজ বৃহস্পতিবার পর্যন্ত “আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন ২০২০ (১১নং আইন, ২০২০)” এবং অত্র কোর্ট কর্তৃক জারীকৃত “প্র্যাকটিস ডাইরেকশন” অনুসরণ করতঃ তথ্য প্রযুক্তি ব্যবহার করে শুধু ভারূয়াল উপস্থিতির মাধ্যমে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চসমূহ গঠন করা হইলঃ

১। বিচারপতি এম, ইনায়েতুর রহিম

অতীব জরুরী সকল প্রকার রীট মোশন, দেওয়ানী মোশন ও তৎসংক্রান্ত আবেদনপত্র গ্রহণ করিবেন।

E-mail address: hcannex17@gmail.com-এ আবেদনপত্র প্রেরণ করা যাবে।

২। বিচারপতি জে. বি. এম. হাসান


অতীব জরুরী সকল প্রকার ফৌজদারী মোশন ও তৎসংক্রান্ত আবেদনপত্র গ্রহণ করিবেন।

E-mail address: hcannex24@gmail.com-এ আবেদনপত্র প্রেরণ করা যাবে।

৩। বিচারপতি কে, এম, কামরুল কাদের

আদিম অধিক্ষেত্রাধীন অতীব জরুরী বিষয়; সাকসেশন আইন, ১৯২৫ অনুযায়ী ইচ্ছাপত্র ও ইচ্ছাপত্র ব্যতিরেকে মৃত ব্যক্তির বিষয়বস্তুর অধিক্ষেত্র; বিবাহ বিচ্ছেদ আইন, ১৮৬৯ অনুযায়ী মোকদ্দমা; প্রাইজ কোর্ট বিষয়সহ এ্যাডমিরেলটি কোর্ট আইন, ২০০০ অধিক্ষেত্রাধীন মোকদ্দমা; মার্চেন্ট শিপিং অর্ডিন্যান্স, ১৯৮৩ এর অধীনে আবেদনপত্র; ২০০৯ ইং সনের ট্রেডমার্ক আইনের অধীন আবেদনপত্র; ১৯১৩ ও ১৯৯৪ইং সনের কোম্পানী আইন অনুযায়ী আবেদনপত্র; ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ইং (১৯৯১ইং সনের ১৪নং আইন) অনুযায়ী আবেদনপত্র; সালিশ আইন ২০০১ (২০০১ইং সনের ১নং আইন) অনুযায়ী আপীল ও আবেদনপত্র গ্রহণ করিবেন।

E-mail address: highcourtd11@gmail.com-এ আবেদনপত্র প্রেরণ করা যাবে।



প্রধান বিচারপতি

বাংলাদেশ

তারিখঃ ২৪শে জুলাই, ২০২১ইং।

প্রচারের জন্যঃ

- ১। বিচারপতি এম, ইনায়েতুর রহিম
- ২। বিচারপতি জে. বি. এম. হাসান
- ৩। বিচারপতি কে, এম, কামরুল কাদের